দৈনিক বাংলা

তারিখ 27 JUN 1997
পৃষ্ঠা ... কলাম ৫

সংসদে শিক্ষামন্ত্রী

# ১২টি পুরনো বৃহত্তর জেলায় বিজ্ঞান ও প্রযুক্তি ভার্সিটি হবে

**স্টাফ রিপোর্টার ঃ** বারোটি পুরাতন বৃহত্তর জেলা সদরে বারোটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে।

শিক্ষামন্ত্রী এএইচকে সাদেক বৃহস্পতিবার জাতীয় সংসদে এই তথ্য প্রকাশ করেন। তিনি বলেন, বারোটি পুরনো জেলা সদরে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। এ ব্যাপারে সরকার

(৫-এর পৃঃ দ্রঃ)

## ১২টি পুরনো বৃহত্তর জেলায় বিজ্ঞান ও প্রযুক্তি ভার্সিটি হবে

(প্রথম পৃষ্ঠার পর)

নীতিগতভাবে সিদ্ধান্ত নিয়েছে। একটি প্রকল্প তৈরি করা হয়েছে। এই প্রকল্প পরিকল্পনা কমিশন কর্তৃক গৃহীত হয়েছে। তবে এর বিস্তারিত বিবরণ এখনও তৈরি হয়নি। কাজ চলছে। জাতীয় অর্থনৈতিক পরিষদ (একনেক)-এ বিস্তারিত বিবরণসহ প্রকল্পপত্র তুলে পেশ করা হবে। আগামী এক থেকে দেড় মাসের মধ্যে এ ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে। শিক্ষামন্ত্রী ৭১ বিধিতে মিজানুর রহমান মানু (দিনাজপুর-৪) আনীত এক মনোযোগ আকর্ষণ নোটিশের জবাব দিচ্ছিলেন। মিজানুর রহমান মানু তার নোটিশে দিনাজপুর জেলায় একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষায় অনগ্রসর দেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বৃহত্তর জেলা সদরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়টিকে অগ্রাধিকার দেয়া হবে। যে বারোটি পুরনো জেলা সদরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে, তার মধ্যে দিনাজপুর সদরও রয়েছে।

মিজানুর রহমান মানুর প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, দিনাজপুরে যে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হবে, তা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে হবে কি না, মন্ত্রিসভার বৈঠকেই সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে হবে। বিষয়টি বিবেচনার জন্য মন্ত্রিসভায় উত্থাপন করা হবে। তবে তিনি নিজে মনে করেন যে, জাতির জনকের নামে এই বিশ্ববিদ্যালয়ের নামকরণ করা উচিত।